

২৬

ঢাকা বোর্ড

এসএসসি পরীক্ষার মেধা
তালিকায় অনিয়মের
অভিযোগ

(নিজস্ব বার্তা পরিবেশক)

১৯৯১ সালের ঢাকা বোর্ডের
মাধ্যমিক পরীক্ষার মেধা তালিকায়
অনিয়মের অভিযোগ এনে কয়েকজন
অভিভাবক বিষয়টির ওপর পূর্ণাঙ্গ ও
নিরপেক্ষ তদন্ত দাবী করেছেন।

গতকাল বিকেলে জাতীয়
প্রেসক্লাবে আয়োজিত এক সাংবাদিক
সম্মেলনে তারা এই দাবী জানান। এতে
নির্ধিত বক্তব্য পাঠ করেন বি, এ
মাহমুদ। সাংবাদিকদের বিভিন্ন প্রশ্নের
জবাব দেন প্রকৌশলী আজিজুর
রহমান, বিলকিস মাহমুদ, আবদুল
খালেক প্রমুখ।

সাংবাদিক সম্মেলনে অভিযোগ
করা হয় যে, অত্যন্ত সূক্ষ্ম কারচুপির
মাধ্যমে একতরফাভাবে মির্জাপুর
ক্যাডেট ও ময়মনসিংহ গার্লস ক্যাডেট
কলেজকে মেধা তালিকায় যথাক্রমে
১৪টি ও ৬টি মোট ২০টি স্থান দেয়া
হয়েছে যা অতীতের ফলাফলের সকল
রেকর্ড ভঙ্গ করেছে। মেধা তালিকা
প্রণয়নে যে কারচুপির আশ্রয় নেয়া
হয়েছে তাতে ঢাকা মহানগরীর বিভিন্ন
স্কুলের বেশকিছু মেধাবী ছাত্রছাত্রী
প্রত্যাশিত ভাল ফল থেকে বঞ্চিত
হয়েছে।

26